



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
লোক প্রশাসন কম্পিউটার কেন্দ্র (পিএসিসি)  
www.mopa.gov.bd



স্মারক নম্বর: ০৫.০০.০০০০.২২৪.৩৫.০০১.২১.১১

তারিখ: ২৪ মাঘ ১৪২৮

০৭ ফেব্রুয়ারি ২০২২

**বিষয়: Digital Telephone Web Directory Software (Android/IOS)  
ব্যবহার এবং হালনাগাদকরণ**

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, ইতোপূর্বে ব্যবহৃত Telephone Directory এর পরিবর্তে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক Digital Telephone Web Directory (Android/IOS) software চালু করা হয়েছে। software টি Google Play store হতে ডাউনলোড করে মোবাইলে ব্যবহারযোগ্য। প্রথম পর্যায়ে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগের কর্মকর্তাগণের তথ্যাদি উল্লিখিত Digital Telephone Web Directory তে সংযুক্ত করা হয়েছে। স্বস্ব মন্ত্রণালয়/বিভাগে বর্তমানে কর্মরত কর্মকর্তাগণের তথ্য দিয়ে উক্ত Digital Telephone Web Directory টি হালনাগাদ করতে হবে এবং কর্মকর্তাগণের বদলী/পদায়নের পরিপ্রেক্ষিতে হালনাগাদকরণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।

Digital Telephone Web Directory software এর ব্যবহার, হালনাগাদকরণ এবং মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তাগণের তথ্যাদি Digital Telephone Web Directory তে অন্তর্ভুক্তকরণের বিষয়ে প্রত্যেক মন্ত্রণালয়/ বিভাগ থেকে ২ জন কর্মকর্তা/কর্মচারীকে ফেব্রুয়ারি/২০২২ মাসের মধ্যে প্রশিক্ষণ প্রদান করা হবে। উল্লেখ্য, প্রশিক্ষণ প্রদানের জন্য কর্মকর্তা/কর্মচারীগণের তালিকা ইতোমধ্যে সংগ্রহ করা হয়েছে।

এমতাবস্থায়, তাঁর মন্ত্রণালয়/বিভাগের কর্মকর্তাগণের তথ্য Digital Telephone Web Directory তে নিয়মিত হালনাগাদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তাগণের তথ্যাদি উক্ত Directory তে অন্তর্ভুক্তকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৭-২-২০২২

মো: আঃ রাজ্জাক সরকার

যুগ্মসচিব

ফোন: ৯৫৪০৫১২

সিনিয়র সচিব/সচিব (সকল)

ইমেইল: paccbr@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.২২৪.৩৫.০০১.২১.১১/১(৩)

তারিখ: ২৪ মাঘ ১৪২৮

০৭ ফেব্রুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব, ক্যারিয়ার প্ল্যানিং ও ট্রেনিং অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয় (সদয় অবগতির জন্য)।
- ২) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩) কম্পিউটার অপারেশন সুপারভাইজার, কম্পিউটার অপারেশন সুপারভাইজার এর দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

আব্দুল

৭-২-২০২২

মো: আঃ রাজ্জাক সরকার  
যুগ্মসচিব